



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



২

নথি নং - বিদ্যালয় শাখা/FARIDPUR/108671/2205145

তারিখঃ ২৭-১১-২০২২

বিষয়ঃ বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, RUPAPAT BAMON CHANDRA HIGH SCHOOL-কে ০১-০১-২০২৩ তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে অস্থায়ীভাবে স্বীকৃতি নবায়ন করা হলো। জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতি নবায়নের জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহঃ

- ১। স্ট্যাফিং প্যার্টন অনুযায়ী সহকারী প্রধান শিক্ষকের শূন্য পদে একজন যোগ্যতাসম্পন্ন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ২। হালনাগাদ সরকারি অডিট সম্পন্ন করে রিপোর্ট দাখিল করতে হবে।
- ৩। সতন্ত্র বিজ্ঞানাগারসহ বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ৪। সতন্ত্র গ্রন্থাগারসহ বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক সৃজনশীল সম্বলিত আরো ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৫। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরি এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ৬। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ৭। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে যাবার সুযোগ দিতে হবে।
- ৮। বিদ্যালয়ের সমস্ত জমি বিদ্যালয়ের নামে নামজারী ও খারিজ খতিয়ান এবং হালসন নাগাদ খাজনা পরিশোধ করে বোর্ডকে অবহিত করতে হবে।

প্রাপকঃ প্রধান শিক্ষক
RUPAPAT BAMON CHANDRA HIGH SCHOOL
BOALMARI, FARIDPUR.

চেয়ারম্যানের আদেশক্রমে
স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নথি নং - বিদ্যালয় শাখা/FARIDPUR/108671/2205145

তারিখঃ ২৭-১১-২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, FARIDPUR.
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, FARIDPUR.
- ৭। অফিস কপি।

২৭-১১-২০২২

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

এই আদেশটি অনলাইন এপ্লিকেশনের এর মাধ্যমে সম্পন্ন করা হল।